গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিকেএমপি অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | ভূমি উন্নয়ন কর আদায় কার্যক্রম পর্যালোচনা ও কর আদায় বৃদ্ধি সংক্রান্ত সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | এ এস এম সালেহ আহমেদ সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৭ জুন, ২০২৬; রবিবার, দুপুর ২.৩০ টা |
| মাধ্যম | : | Hybrid |
| উপস্থিতি | : | পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সিনিয়র সচিব সভায় উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান। ভূমি মন্ত্রণালয়ের উপসচিব সাদেকুর রহমান সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন এবং সারাদেশে বিভাগ ও জেলাভিত্তিক ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়ের বর্তমান অগ্রগতি বিষয়ে রিপোর্ট উপস্থাপন করেন।

সভাপতি উপস্থাপিত প্রতিবেনসমূহ পর্যবেক্ষণ করে ভূমি উন্নয়ন কর আদায়ে পিছিয়ে পড়া বিভাগ ও জেলাসমূহের চ্যালেঞ্জ ও সমস্যাসমূহ সম্পর্কে জানতে চান। সভায় উপস্থিত খুলনার জেলা প্রশাসক জানান যে, ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির বিষয়ে তিনি সংশ্লিষ্টদের সাথে সভা করে সম্প্রতি প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছেন এবং বাংলাদেশ রেলওয়ের কাছে বড় পাওনা আদায়ের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের কাছে প্রয়োজনীয় সহযোগিতা চেয়েছেন। তিনি আরও জানান যে, সিটি কর্পোরেশনের আওতাধীন জনসাধারণের ব্যবহার্য রাস্তার ভূমি উন্নয়ন কর আদায়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন। খুলনার বিভাগীয় কমিশনার যুক্ত করেন যে, খুলনা সিটি কর্পোরেশন ছাড়াও অন্যান্য জেলা পরিষদ ও পৌরসভার আওতাধীন জনসাধারণের ব্যবহার্য রাস্তার ভূমি উন্নয়ন কর দাবি করা হলেও তা আদায়ে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

রংপুর বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ঐ বিভাগের ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতি প্রতিবেন উপস্থাপন করেন এবং নীলফামারী ও দিনাজপুর জেলায় রেল ও বন বিভাগের আওতাধীন ভূমি সমূহের কর আদায়ে চ্যালেঞ্জ ও সমস্যাসমূহের কথাও ব্যক্ত করেন।

গাইবান্ধা জেলার জেলা প্রশাসক জেলার ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন এবং বিভিন্ন সংস্থার সাথে নিবিড় যোগাযোগপূর্বক অতি দ্রুত কর আদায়ের লক্ষ্য অর্জন করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি জেলায় ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ভূমির কর আদায়ে ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করেন।

সিলেট, চুয়াডাঙ্গা, নড়াইল ও ঢাকা জেলার জেলা প্রশাসকগণ জেলার ভূমি উন্নয়ন কর আদায়ের অগ্রগতি প্রতিবেন উপস্থাপন করেন এবং আদায়ে প্রতিবন্ধকতার বিষয়ে জানানোর পাশপাশি চলমান গৃহীত পদক্ষেপের মাধ্যমে ৩০ জুনের মধ্যেই বড় বড় খাতকের নিকট থেকে বকেয়া আদায়ের আশা ব্যক্ত করেন।

সভায় ভূমি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: এমদাদুল হক চৌধুরী উল্লেখ করেন যে, সারা দেশে প্রায় সকল জেলায়ই ভূমি উন্নয়ন করের সাধারণ আদায় ভাল, কিন্তু সংস্থার আদায় পিছিয়ে আছে। তিনি সাধারণ আদায় শতভাগ করার পাশাপাশি সংস্থার আদায়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির প্রচেষ্টা করতে তাগিদ দেন। তিনি গত অর্থবছর ও চলতি অর্থবছরের ভূমি উন্নয়ন কর আদায়ের পরিসংখ্যান তুলনা করে কিভাবে গুরুত্ব দিয়ে চলতি বছরে আদায় বৃদ্ধি করা যায় সে বিষয়ে পরামর্শ দেন। স্থানীয় সরকারের আওতাধীন প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে ৩০ জুনের মধ্যে বকেয়া আদায় করতে অনুরোধ জানান। এ বিষয়ে কেন্দ্রীয় পর্যায়ে কোন প্রতিবন্ধকতা থাকলে প্রয়োজনে ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতা পেতে যোগাযোগের আহ্বান জানান এবং যে সকল জেলায় সংস্থার বড় বড় অংকের বকেয়া রয়েছে তার তথ্য ভূমি মন্ত্রণালয় বরাবর দ্রুত প্রেরণের অনুরোধ জানান।

CamScanner

ভূমি উন্নয়ন করের দাবী ও আদায় পরিসংখ্যান, আদায়ে বিভিন্ন চ্যালেঞ্জ ও সমস্যা এবং বিভিন্ন দিক বিষয়ে তথ্যবহুল উপস্থাপনা, পর্যালোচনা ও অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম: | আলোচ্য বিষয় | সুপারিশ/সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধি | ভূমি উন্নয়ন কর আদায়ে কালেক্টরসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের চেয়ে চলতি অর্থবছরের ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধি করতে হবে। |
| ২ | বকেয়া আদায়ে নোটিশ প্রদানসহ ভূমি উন্নয়ন কর আদায়ের বিভিন্ন পদ্ধতি গ্রহণ | জেলা প্রশাসকদের স্বাক্ষরে ভূমি উন্নয়ন করের বকেয়া আদায়ে নোটিশ প্রদানসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ৩ | সংস্থার বড় বড় অংকের বকেয়ার তথ্য ভূমি মন্ত্রণালয় বরাবর প্রেরণ | যে সকল জেলায় সংস্থার বড় বড় অংকের বকেয়া রয়েছে তার তথ্য ভূমি মন্ত্রণালয় বরাবর দ্রুত প্রেরণ করতে হবে। |
| ৪ | বাংলাদেশ রেলওয়ের কাছ হতে ভূমি উন্নয়ন করের বড় পাওনা আদায় | এ বিষয়ে ভূমি মন্ত্রণালয় হতে রেলপথ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে। |
| ৫ | সিটি কর্পোরেশনের, জেলা পরিষদ ও পৌরসভার আওতাধীন জনসাধারণের ব্যবহার্য রাস্তার ভূমি উন্নয়ন কর | এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে সমস্যা সমাধানের পদক্ষেপ নেয়া হবে। |
| ৬ | নীলফামারী ও দিনাজপুর জেলায় রেল ও বন বিভাগের আওতাধীন ভূমির কর আদায় | এ বিষয়ে রেল ও বন বিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
এ এস এম সালেহ আহমেদ
সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন: +৮৮০২৫৫১০১১৩১
ই-মেইল: secretary@minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.০৬.০০১.২৫-৩৪৪

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
১০ জুন ২০২৬

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড,ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়
৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) (সকল)
৫। জেলা প্রশাসক (সকল)
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (সকল)
৭। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়
৮। সহকারী কমিশনার (ভূমি), (সকল), ঢাকা মহানগর
৯। জনাব মো: ইমরান হোসেন, স্মার্ট এলডি ট্যাক্স কনসালটেন্ট, এলামস, ভূমি মন্ত্রণালয়
১০। জনাব মোঃ মোফাক্খারুল ইসলাম (পল্লব), ব্যবস্থাপনা পরিচালক, মাইসফটহ্যাভেন বিডি লিমিটেড
১১। অফিস কপি।

১১/০৬/২০২৫
সাদেকুর রহমান
উপসচিব

CamScanner